W.B. Form No. 27

BARABAZAR P.S. DIST.-PURULIA

620

# FIRST INFORMATION REPORT

1. a) First information of a cognizable crime reported under section 154 Cr. P. C. at P.S.

Dist. Purulia Sub Divn. Manbazar P.S. Barabazar Year 2023 FIR No. 69/23 Date 12/05/23

2. i) Act I.P.C Sections 498A/494/323/506/34 Act ...... Sections ......

ii) Act ...... Sections ...... iii) Other acts & Sections 3/4 D.P. Act.

3. a) General Diary Reference: Entry No. 737 Time 14:35 hrs.

b) Occurrence of Offence: Day Since After marriage last on 01.05.2023 Time At about 17:00 hrs.

c) Information received Date 12.05.2023 Time 14:35 hrs. G.D. No. 737 at the P.S.

4. Type of Information: Written/Oral Written Type

5. Place of Occurrence: a) Direction and Distance from P.S. About 60 K.M North-East from P.S.

b) Address Vill- Jabrra, P.S- Hurra, Dist.- Purulia

Beat No. ......

c) In case outside limit of this Police Station, then the name of P.S. ...... District ......

6. Complainant / Informant:

a) Name: Smt. Tumpa Das

b) Father's / Husband's Name W/O- Ujjal Das, D/O- Sudarsan Das

c) Date / Year of birth ...... d) Nationality Indian.

e) Address A/P Vill- Bamandiha, P.S- Barabazar, Dist- Purulia

7. Details of known/suspected/unknown accused with full particulars

(Attach separate sheet, if necessary):
1) Ujjwal Das S/O- Tarapada Das
2) Tarapada Das S/O- Not-Noted.
3) Bela Das W/O- Tarapada Das.
4) Sabyasachi Das S/O- Tarapada Das.
5) Laxmi Das W/O- Lt. Kiriti Das.
6) Madhuri Das W/O- Ujjwal Das
All of vill- Jabrra, P.S- Hurra, Dist.- Purulia.

8. Reasons for delay in reporting by the complainant/Informant —

9. Particulars of properties stolen/involved: (Attach separate sheet, if required): —

10. Total value of properties stolen/involved —

11. Inquest report / U.D. Case no., if any —

12. FIR Contents: (Attach separate sheet, if required) The original written complaint which has been treated as FIR is attached herewith.

13. Action taken: Since the above report reveals commission of offence(s) u/s 498A/494/323/506/34 IPC and 3/4 D.P. Act.

registered the case and took up the investigation/directed ASI Joydip Mukherjee to take up the investigation/transferred to P.S. ...... on point of jurisdiction. FIR read over to the Complainant/Informant, admitted to be correctly recorded and a copy given to the Complainant/Informant free of cost.

As per order I register the case.
Dipak Das
ASI
12/05/22.

[signature] 12/05/2023

Signature/Thumb impression of the Complainant/Informant

Signature of the Officer-in-Charge, Police Station

Inspector-in-Charge Barabazar Police Station Dist. Purulia

Name: Shri Partha Sarathi Chakraborty

Rank Inspector of Police

Number if any I.C Barabazar P.S. Purulia

প্রতি,

ভারপ্রাপ্ত আকিরীক মহাশয় সমীপেষু,

বরাবাজার থানা,

জেলা পুরুলিয়া।

তারিখঃ ১১/০৫/২৩

মহাশয়,

আমি শ্রীমতী টুম্পা দাস স্বামী উজ্জ্বল দাস পিতা সুদর্শন দাস, গ্রাম ও পোঃ জবররা, থানা হুড়া, জেলা পুরুলিয়া, বর্তমানে আমি আমার বাবার বাড়ী গ্রাম ও পোঃ বামুনডিহা, থানা বরাবাজার, জেলা পুরুলিয়াতে থাকি।

মহাশয় গত ৯ই অগ্রহায়ন ১৪১৫ সাল ইংরাজী ২৫শে নভেম্বর ২০০৮ সালে আমার সঙ্গে গ্রাম ও পোঃ জবড়রা, থানা হুড়া, জেলা পুরুলিয়ার নিবাসী শ্রী তারাপদ দাসের পুত্র শ্রীমান উজ্জ্বল দাসের বিবাহ হয়। বর পক্ষের দাবী মোতাবেক নগদ ১,৫০,০০০/- টাকা এবং আমার বাবা পাত্রের মোটর সাইকেল কেনার জন্য নগদ আরও ৫০,০০০/- টাকা এবং দান সামগ্রী দিয়ে বিয়ে দেয়। বিয়ের পরদিন থেকেই শ্বশুর বাড়ীতে আমার উপর শারিরীক ও মানসীক অত্যাচার শুরু হয়। ৫০, ০০০/- টাকাতে মোটর সাইকেল কেনা যাবে না তাই আরও ১০,০০০/- টাকা আমার বাপের বাড়ী থেকে নিয়ে আনার জন্য চাপ দিতে থাকে। আমার বাবা ঐ টাকা দিতে অক্ষম জানানোতে আমার উপর আমার শ্বশুর মহাশয় শ্রী তারাপদ দাস, আমার স্বামী উজ্জ্বল দাস, শ্বাশুড়ী শ্রীমতী বেলা দাস এবং দেবর সব্যসাচী দাস অত্যাচার করতে শুরু করে। কথায় কথায় মারধোর করতে শুরু করে। অত্যাচার বাড়তে বাড়তে একদিন রাত্রে আমাকে কুয়োতে ফেলে দেয়। আমি কুয়োর ভেতরের লোহার বেড়ী ধরে বাঁচাও বাঁচাও চিৎকার করতে থাকলে আশেপাশের লোকজন এসে আমাকে উদ্ধার করে। আমি যত বার বলি যে আমাকে শ্বশুর বাড়ীর লোকেরা ঠেলে কুয়োতে ফেলে দিয়েছে, শ্বশুর বাড়ীর লোকেরা উদ্ধারকারী লোকজনকে বলতে থাকে যে আমি অন্ধকারে দেখতে না পেয়ে কুয়োতে পড়ে গেছি। এরপর শ্বশুর বাড়ীর লোকেরা নূতন পন্থা অবলম্বন করে। আমি কিছুদিন একটানা শ্বশুর বাড়ীতে থাকলেই অত্যাচারের মাত্রা বেড়ে যায়। বাধ্য হয়ে তখন আমি বাপের বাড়ীতে চলে আসি। এইভাবে কিছুদিন শ্বশুরবাড়ী আবার কিছুদিন বাপের বাড়ী এইভাবে আমার দিন কাটতে থাকে। আমার নিজের কোন আয় নেই বলেই আমি নিরুপায় হয়ে বার বার শ্বশুর বাড়ীতে আসতে বাধ্য হই। এই অবস্থায় আমার এক পুত্র সন্তানের জন্ম হয়।

একদিন আমার স্বামী জানায় যে সে আমাকে নিয়ে আর সংসার করবে না। আমার এবং আমার সন্তানের সারজীবনে খরচ বাবদ ১,৫০,০০০/- টাকার বিনিময়ে মিউচুয়াল ডিভোর্স এর প্রস্তাব দেয়। আমি আমার সন্তানের ভবিষ্যতের কথা ভেবে রাজী হই। কিন্তু ডিভোর্স মামলার শুনানীর দিন আমার স্বামী কোর্টে হাজির হয় নাই। ডিভোর্স মামলা বাতিল হয়ে যায়। এদিকে আমার বাপের বাড়ীর আর্থিক অবস্থা খারাপ হওয়ার কারনে আমার এবং আমার ছেলের খরচ তাদের পক্ষেও চালানো সম্ভব হয়ে উঠছে না। আমার নিজেরও কোন আয় নেই, তাই গত ১-৫-২০২৩ আমি আমার ছেলেকে নিয়ে

পরের পাতায় .......... (২)

আমার শ্বশুর বাড়ীতে যাই। শ্বশুর বাড়ীতে গিয়ে আমার মাথায় আকাশ ভেঙে পড়ে। আমি দেখি আমার স্বামী শ্রী উজ্জ্বল দাস অন্য এক মহিলা যার নাম মাধুরী দাসকে নিজের স্ত্রী বলে পরিচয় দিচ্ছে। যদিও আমার সঙ্গে উজ্জ্বল দাসের বিধি সম্মত ভাবে বিবাহ বিচ্ছেদ হয়নি। আমি আমার স্বামীকে জিজ্ঞাসা করি যে, আমার সঙ্গে বিবাহ বিচ্ছেদ হয়নি, এই অবস্থায় তুমি দ্বিতীয় বিবাহ করলে কিভাবে ? তখন শ্বশুর বাড়ীর পাশের বাড়ীতে বসবাসকারী লক্ষী দাস স্বামী ৺ কিরিটী দাস জানায় যে, সে নিজে পাত্রী দেখে উজ্জ্বল দাসের সঙ্গে মাধুরী দাসের বিয়ে দিয়েছে। এই ব্যাপারে বেশী কথা বললে এমন ব্যবস্থা করবো যে আগেরবার কুয়োয় পড়ে বেঁচে গেলেও এবারে আর প্রাণে বাঁচবি না। আমাকে সকলে ঘিরে ধরে মারধর করতে শুরু করে এবং আমার কানের সোনার দুল, গলার সোনার হার, আমার ছেলের হাতের হাতঘড়ি এবং আমার কাছে থাকা ৩,০০০/- টাকা যে টাকাটা আমার বাবা শ্বশুর বাড়ী যাচ্ছি বলে হাতে দিয়েছিল তা জোর করে কেড়ে নেয়। আমি অনেক কষ্টে প্রাণ বাঁচিয়ে ছেলেকে নিয়ে বাপের বাড়ীতে ফিরে আসতে বাধ্য হই।

এক্ষনে আমার এবং আমার সন্তানের অবস্থা খুবই দুর্বিসহ। আমার স্বামী আমাকে ডিভোর্স না দিয়ে আর একজনকে বিয়ে করেছে। আমি প্রতিবাদ করলে আমার শ্বশুর তারাপদ দাস, শ্বাশুড়ী বেলা দাস, স্বামী উজ্জ্বল দাস, দেবর সব্যসাচী দাস আমার স্বামীর দ্বিতীয় স্ত্রী মাধুরী দাস এবং পাশের বাড়ীর লক্ষী দাস সবামী ৺ কিরীটি দাস আমাকে প্রাণে মারার হুমকী দেয়, অকথ্য ভাষায় গালিগালাজ করে, এবং মারধর করে এবং বলতে থাকে যে, "আগে তোকে একা মারার চেষ্টা করেছি এবার তোর সঙ্গে তোর ছেলেকেও মেরে ফেলবো, কেউ জানতেও পারবে না"। এমতাবস্থায় আমি দিশাহারা। আমার সন্তানকে নিয়ে আমি কোথায় যাবো, বুঝতে পারছি না, কারন সর্বদা আমার মধ্যে আমার নিজের এবং আমার সন্তানের ক্ষতির আশঙ্কায় আমি আতঙ্কিত। আমার এবং আমার সন্তানের নিরাপত্তা প্রদানে এবং দোষীগনের উপযুক্ত শাস্তি প্রদানে মর্জ্জী হউন। আমি অসহায় বড়ই, নিরুপায় হয়ে আপনার দ্বারস্থ হয়েছি।

BARABAZAR P.S. DIST.-PURULIA

নিবেদন, ইতি -
বিনীতা -
Tumpa Das
(শ্রীমতী টুম্পা দাস)
স্বামী উজ্জ্বল দাস
পিতা সুদর্শন দাস,
বর্তমানে বাবার বাড়ী গ্রাম ও পোঃ
বামুনডিহা, থানা বরাবাজার, জেলা
পুরুলিয়া। Tumpa Das
12/05/23

Received on- 12/05/2023
at 14:35 hrs and started
Barabazar P.S case no.-
69/23, Dated- 12/05/2023
U/S- 498A/494/323/506/34 IPC
and 3/4 D.P. Act.
Dipak Das
ASI
Barabazar P.S. Purulia.
6297167611